# জে এস সি পরীক্ষা - ২০১৯ এর মডেল প্রশ্ন

## বিষয় ঃ বাংলা বিষয় কোড: ১০১

### সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

[দক্ষিন পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক ]

[বি:দ্রঃ গদ্য ও কবিতা অংশ থেকে ২টি করে মোট ৪টি সৃজনশীল প্রশ্নের উত্তর দিতে হবে। ১০×৪=৪০

### সৃজনশীল অংশ—৪০

### ক অংশ — গদ্য

১. ✪ আলম একটি বিড়াল পোষে। সে প্রতিদিন নিজের খাবার হতে বিড়ালকে খাবার দেয়। এমনকি বাজার হতেও খাবার কিনে খাওয়ায়। স্কুল হতে এসে অবসর পেলে বিড়ালের সঙ্গে খেলা করে। হঠাৎ বিষ মেশানো ইঁদুরকে দেয়া খাবার খেয়ে বিড়ালটি মারা যায়। এতে আলম কান্নায় ভেঙে পড়ে।

ক. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের গ্রামের নাম কী? ১

খ. বায়ু পরিবর্তন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপক ও 'অতিথির স্মৃতি' গল্পে সাদৃশ্য দেখাও। ৩

ঘ. "শুধু মানুষে মানুষে নয়, মানুষ ও প্রাণীর সঙ্গেও গড়ে ওঠে সহমর্মিতার সম্পর্ক"— 'অতিথির স্মৃতি' ও উদ্দীপকের আলোকে কথাটি বিশ্লেষণ করো। ৪

২. ✪ অটোরিকশাওয়ালা আরিফ বহু কষ্টে জীবিকা নির্বাহ করে। একদিন যাত্রী নামিয়ে রিকশার সিটে একটি সুটকেস দেখতে পায়। সুটকেস খুলে টাকা দেখে অবাক হয়ে যায়। টাকার লোভ সামলে পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকৃত মালিককে সে টাকা ফিরিয়ে দেয়।

ক. কাপালি কী? ১

খ. 'ওর মতো কত লোক আসবে'— কথাটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপক ও 'পড়ে পাওয়া' গল্পের সাদৃশ্য দেখাও। ৩

ঘ. 'সমাজে শান্তি প্রতিষ্ঠা করে নির্লোভ মানসিকতা'— উদ্দীপক ও 'পড়ে পাওয়া' গল্প অবলম্বনে কথাটি বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৩.▶ বৈশাখের সন্ধ্যায় হারু ঘোষ বাজার হতে জঙ্গলের ভেতর দিয়ে বাড়ি ফিরছিল। হঠাৎ ঝড় উঠলে পথে বটগাছের নিচে আশ্রয় নেয় এবং বজ্রপাতে মারা যায়। ঝড় শেষে গাঁয়ের লোক বাড়ি ফেরার পথে হারু ঘোষকে মৃত দেখে এটি ভূতের কাজ বলে মনে করে। এরপর থেকে সন্ধ্যায় লোকজন ঐ পথে যাতায়াত করে না।

ক. 'পুতুল নাচের ইতিকথা' কী জাতীয় রচনা? ১

খ. নগেনের মনে লজ্জা ও অনুতাপ জেগেছিল কেন? ২

গ. উদ্দীপক ও 'তৈলচিত্রের ভূত' গল্পের বৈসাদৃশ্য দেখাও। ৩

ঘ. 'ভূতের বিশ্বাসের মূলে রয়েছে অজ্ঞতা'— উদ্দীপক ও 'তৈলচিত্রের ভূত' প্রবন্ধের আলোকে কথাটি বিশ্লেষণ করো। ৪

## খ অংশ — কবিতা

৪.▶ আগে কী সুন্দর দিন কাটাইতাম,
গ্রামের নওজোয়ান হিন্দু-মুসলমান
মিলিয়া বাউলা গান আর মুর্শিদি গাইতাম

ক. লালন শাহের জন্ম কত সালে? ১

খ. 'জেতের ফাতা' বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপক ও 'মানবধর্ম' কবিতার সাদৃশ্য দেখাও। ৩

ঘ. উদ্দীপক ও 'মানবধর্ম' কবিতায় প্রকাশিত হয়েছে অসাম্প্রদায়িক চেতনা— মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৫. ★ সার্থক জনম আমরা জন্মেছি এই দেশে
সার্থক জনম মাগো তোমার ভালোবেসে
জানিনে তোর ধন রতন আছে কিনা রানির মতন
শুধু জানি আমার অঙ্গ জুড়ায় তোমার ছায়ায় এসে।

ক. 'কোকনদ' শব্দের অর্থ কী? ১

খ. 'জন্মিলে মরিতে হবে, অমর কে কোথা কবে' কথাটি বুঝিয়ে লেখ। ২

Teachingbd24.com

গ. 'বঙ্গভূমির প্রতি' কবিতার সঙ্গে উদ্দীপকের বৈসাদৃশ্য ব্যাখ্যা করো। ৩

ঘ. "'বঙ্গভূমির প্রতি' কবিতা ও উদ্দীপকে প্রকাশিত হয়েছে গভীর দেশপ্রেম"— কথাটি বিচার করো। ৪

৬. অনন্ত অসীম প্রেমময় তুমি
বিচার দিনের স্বামী
যত গুণগান হে চির মহান
তোমারই অন্তর্যামী

ক. 'প্রার্থনা' কবিতার উৎস কী? ১

খ. 'তব স্নেহ কণা জগতের আয়ু' কথাটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপক ও 'প্রার্থনা' কবিতার মিল দেখাও। ৩

ঘ. 'স্রষ্টা অনন্ত অসীম ও প্রেমময়'— উদ্দীপক ও 'প্রার্থনা' কবিতার আলোকে কথাটি বিশ্লেষণ করো। ৪

## নির্মিতি অংশ—৩০

৭. ক. সারাংশ লেখ: ৫

আনন্দ প্রকাশ জীবনীশক্তির প্রবলতারই প্রকাশ। আনন্দকে আমরা বুঝি রূপ-রস-শব্দ-স্পর্শ-গন্ধ ইত্যাদির সাহায্যে, ইন্দ্রিয় সকলের সাহায্যে। মানুষ যখন আনন্দ পায় তখন সে তার মনকে প্রকাশ করতে চায়— নানা রূপে। তাই সৃষ্টি হলো চিত্রশিল্পী, নৃত্যশিল্পী, সংগীতশিল্পী, কবি, সাহিত্যিক। পুরাকালের গুহামানুষ থেকে শুরু করে বর্তমান যুগ পর্যন্ত মানুষ নিজের পাওয়া আনন্দকে, সুন্দরকে অন্য মানুষের মধ্যে বিস্তার করতে চেয়েছে। তাই সৃষ্টি হয়েছে নানা আঙ্গিকের শিল্পকলা।

অথবা,

খ. সারমর্ম লেখ:

এই যে বিটপি-শ্রেণি হেরি সারি সারি
কি আশ্চর্য শোভাময় যাই বলিহারি!

teachingbd24.com

কেহ বা সরল সাধু-হৃদয় যেমন,
ফলভরে নত কেহ গুণীর মতন।
এদের স্বভাব ভালো মানবের চেয়ে,
ইচ্ছা যার দেখ দেখ জ্ঞান চক্ষে চেয়ে।
যখন মানবকুল ধনবান হয়,
তখন তাদের শির সমুন্নত রয়।
কিন্তু ফলশালী হলে এই তরুগণ
অহংকারে উচ্চশির না করে কখন।
ফলশূন্য হলে সদা থাকে সমুন্নত,
নীচ প্রায় কার ঠাঁই নহে অবনত।

৮. যেকোনো একটির ভাবসম্প্রসারণ কর: ৫

ক. ★ করিতে পারি না কাজ
সদা ভয়, সদা লাজ
সংশয়ে সংকল্পে সদা টলে
পাছে লোকে কিছু বলে।

খ. সজ্ঞা দোষে লোহা ভাসে।

৯. ক. ★ মনে কর, তোমার নাম নিবিড়। তোমার বন্ধুর নাম রাহুল। সে খুলনায় থাকে। বৃক্ষরোপণের প্রয়োজনীয়তা উল্লেখ করে তার কাছে একটি পত্র লেখ। ৫

অথবা,

খ. ★ তোমার স্কুলে "নজরুল জন্মজয়ন্তী" উদ্‌যাপন উপলক্ষ্যে একটি আমন্ত্রণপত্র রচনা করো।

১০. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর: ১৫

ক. ★ বাংলাদেশের ষড়ঋতু

খ. মুক্তিযুদ্ধ জাদুঘর

গ. ★ বাংলাদেশের কৃষি

Teachingbd24.com

https://teachingbd24.com

# বাংলা

বিষয় কোড: ১ ০ ১

সময়—৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ 'বড়দিদি' উপন্যাসটি প্রকাশিত হয় কোন পত্রিকায়?
ক প্রবাসী  খ ভারতী
গ ভারতীয়  ঘ মুসলেম ভারত

২. স্পিরিট শব্দের অর্থ কী?
i. উদ্দীপনা
ii. উৎসাহ
iii. শক্তি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

৩. কবি কাজী নজরুল ইসলামকে নাগরিকত্ব দেয়া হয়?
ক ১৯৭২ সালে  খ ১৯৭৩ সালে
গ ১৯৭৪ সালে  ঘ ১৯৭৫ সালে

নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:
শনি ও মঙ্গলবার কোথাও বেড়াতে গেলে অমঙ্গল হয়।

৪. ★ উদ্দীপকটি 'তৈলচিত্রের ভূত' গল্পের কোন চরিত্রের সঙ্গে সাদৃশ্যপূর্ণ?
ক পরাশর  খ নগেন
গ পরেশ  ঘ নরেশ

৫. ★ উদ্দীপক ও 'তৈলচিত্রের ভূত' গল্পের সাদৃশ্যের মূলভিত্তি—
i. অজ্ঞতা
ii. কুসংস্কার
iii. বিজ্ঞান বুদ্ধির অভাব
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

৬. 'বিদ্রোহী' কবিতাটি প্রকাশিত হয় কোন পত্রিকায়?
ক সৌরভ  খ বিজলী
গ কবিতা  ঘ কল্লোল

৭. কত তারিখে বঙ্গবন্ধু রেসকোর্স ময়দানে ভাষণ দেন?
ক ১৯৬৯ এর ৭ই মার্চ
খ ১৯৭১ এর ৩রা মার্চ
গ ১৯৭১ এর ৭ই মার্চ
ঘ ১৯৬৯ এর ২৬শে মার্চ

৮. 'অতিথির স্মৃতি' গল্পে খাওয়া সম্পর্কে নির্বিকার চিত্ত কে?
ক অতিথি  খ বামুন ঠাকুর
গ লেখক  ঘ মালিনী

৯. ★ 'ভাব ও কাজ' প্রবন্ধ অনুসারে কারো কারো মতে কোথায় ঘা দেয়া পাপ?
ক মানুষের কোমল অনুভূতিতে
খ মানুষের শরীরে
গ জ্ঞানীর মাথায়
ঘ মানুষের কঠোর অনুভূতিতে

১০. ★ মাইকেল মধুসূদন দত্তের প্রহসন কোনটি?
ক মেঘনাবদ
খ পদ্মাবতী
গ একেই কি বলে সভ্যতা
ঘ বীরাঙ্গনা

১১. 'গুঞ্জন' কীসের নাম?
ক কবিতা সংগ্রহ  খ উপন্যাস
গ গল্প  ঘ প্রবন্ধ

নিচের উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও:
জামাল সাহেব দুই যুগ যুক্তরাজ্যে থেকে প্রচুর অর্থ-বিত্তের মালিক হয়েছেন। কিন্তু তারপরও আধুনিক লন্ডন তার ভালো লাগে না। বাংলার মাঠ, ঘাট, নদী-প্রান্তরে মন পড়ে থাকে সেখানে তার শৈশব কেটেছে।

https://teachingbd24.com

১২. উদ্দীপক ও 'দুই বিঘা জমি' কবিতার সঙ্গে মিল আছে?
ⓚ স্বদেশপ্রীতি ⓚ প্রকৃতিপ্রীতি
ⓖ স্বাজাত্যপ্রীতি ⓖ সত্যপ্রীতি

১৩. উপর্যুক্ত অনুভূতি নিচের কোন চরণে ফুটে উঠেছে?
ক) চেয়ে দেখো আছে বড়ো-জোর মরিবার মতো ঠাঁই
খ) কত হেরিলাম মনোহর ধাম, কত মনোরম দৃশ্য
গ) কল্যাণময়ী ছিলে তুমি অয়ি, ক্ষুধা হারা সুধারাশি
ঘ) তবু নিশিদিনে তুলিতে পারিনে, সেই দুই বিঘা জমি

১৪. ★ 'প্রার্থনা' কবিতাটি কোন কাব্যের অন্তর্গত?
ক) শিবমন্দির খ) অশ্রুমালা
গ) অমিয়ধারা ঘ) মহরম শরীফ

১৫. 'বড়ই কঠিন জীবন দেওয়া যে জীবন নেওয়ার চেয়ে।' এটি কে বলেছেন?
ক) সংগ্রাম সিংহ খ) রণবীর চৌহান
গ) ইব্রাহিম লোদি ঘ) সম্রাট বাবুর

১৬. বর্তমান যুগের ধর্ম কী?
ক) ভেদাভেদ খ) সাম্য
গ) বেদনা ঘ) পীড়ন

১৭. পৃথিবীতে কতগুলো ভাষা প্রচলিত আছে?
ক) আড়াই হাজার খ) তিন হাজার
গ) সাড়ে তিন হাজার ঘ) সাড়ে চার হাজার

১৮. বিভিন্ন ক্ষুদ্র ক্ষুদ্র অঞ্চলের জনগণ যে ভাষায় কথা বলে তার নাম কী?
ক) উপভাষা খ) সাধু ভাষা
গ) চলিত ভাষা ঘ) কথ্য ভাষা

১৯. ★ কোন জনগোষ্ঠী আচিক ভাষায় কথা বলে?
ক) চাকমা খ) গারো
গ) সাঁওতাল ঘ) মণিপুরী

২০. ★ নিত্য পুরুষ বাচক শব্দ কোনটি?
ক) বাবা খ) বিদ্বান
গ) কবিরাজ ঘ) সুন্দর

২১. শব্দের প্রাণ কী?
ক) ধ্বনি খ) বর্ণ
গ) অক্ষর ঘ) অর্থ

২২. নিচের কোনটি যৌগিক ক্রিয়ার উদাহরণ?
ক) সাপুড়ে সাপ খেলায় খ) সাইরেন বেজে উঠল
গ) রনি বই পড়ে ঘ) বিয়ু গান গায়

২৩. ★ বাংলা ভাষায় মৌলিক ধাতু কত প্রকার?
ক) ২ প্রকার খ) ৩ প্রকার
গ) ৪ প্রকার ঘ) ১ প্রকার

২৪. নিত্য স্ত্রী বাচক শব্দ কোনটি?
ক) এয়েন খ) নারী
গ) গিন্নী ঘ) মা

২৫. শিক্ষক ছাত্রদের পড়াচ্ছেন— 'পড়াচ্ছেন' ক্রিয়াটি কোন প্রকার ধাতু দ্বারা গঠিত?
ক) প্রযোজক ধাতু খ) নাম ধাতু
গ) কর্মবাচ্যের ধাতু ঘ) সংযোগমূলক ধাতু

২৬. 'নদী মাতৃক' শব্দটি কী উপায়ে গঠিত সাধিত শব্দ?
ক) উপসর্গ যোগে খ) সমাসের সাহায্যে
গ) সন্ধির সাহায্যে ঘ) প্রত্যয় যোগে

২৭. 'আমাকে' শব্দটি কীভাবে গঠিত হয়েছে?
ক) বিভক্তি যোগে খ) প্রত্যয় যোগে
গ) সন্ধির সাহায্যে ঘ) সমাসের সাহায্যে

২৮. ★ দুটো শব্দের সংযোগ বোঝাতে কোন চিহ্ন বসে?
ক) কোলন খ) সেমিকোলন
গ) হাইফেন ঘ) ইলেক

২৯. কোন বানানটি ভুল?
ক) আরবি খ) জননী
গ) মিতালী ঘ) মেয়েলি

৩০. 'আমার ব্যাপারে নাক গলাতে এসো না।' বাক্যে 'নাক' শব্দটি কী অর্থে ব্যবহৃত—
ক) নাসিকা খ) আগ্রহ
গ) শব্দ করা ঘ) অনাধিকার চর্চা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ঘ | ৩ | ক | ৪ | খ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | গ | ১১ | ক | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | ঘ |
| | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | গ | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | ঘ |

https://teachingbd24.com